# বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

জাতীয় সদর দফতর
৬৮৪-৬৮৬ রেড ক্রিসেন্ট সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটিতে শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে কিছু সংখ্যক লোক নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের (বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাসিন্দা) এর নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও ভাতাদি | কার্যবিবরণী | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স সীমা |
|---|---|---|---|---|---|---|
| ১. | পরিচালক, ফাইন্যান্স/অডিট, বিডিআরসিএস | ১ জন | সর্বসাকুল্যে মাসিক বেতন ৯০,০০০/- টাকা ও সোসাইটির নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি | • সোসাইটির ফাইন্যান্স/অডিট বিভাগের দৈনন্দিন যাবতীয় কার্যাবলী পরিচালনা<br>• সোসাইটির সকল প্রকার ফাইন্যান্স/অডিট প্রতিবেদন প্রস্তুত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ<br>• সোসাইটির অন্তর্গত বিভিন্ন অংগ প্রতিষ্ঠান/প্রকল্পের সাথে আর্থিক লেনদেন পর্যালোচনা ও যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ<br>• এক্সটার্নাল অডিট টিমকে সহায়তা প্রদান | • সংশ্লিষ্ট বিষয়ে (একাউন্টিং/ফাইন্যান্স ও ব্যাংকিং) স্নাতকত্তোর ডিগ্রীধারী<br>• ChartardAccountance/CMA সার্টিফিকেটধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>• স্থানীয় অথবা আন্তর্জাতিক এনজিও, স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বছরের মার্কেন্টাইল হিসাবরক্ষণে কাজের অভিজ্ঞতা<br>• পরিচালক/উপ-পরিচালক/সমপদে কমপক্ষে ১০ বছরের ফাইন্যান্স/অডিট বিভাগে কাজের অভিজ্ঞতা | সর্বনিম্ন ৪৫ বছর এবং সর্বোচ্চ ৫৫ বছর |
| ২. | পরিচালক, স্বাস্থ্য, বিডিআরসিএস | ১ জন | সর্বসাকুল্যে মাসিক বেতন ৯০,০০০/- টাকা ও সোসাইটির নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি | • সোসাইটির স্বাস্থ্য বিভাগের জনস্বাস্থ্য বিষয়ক যাবতীয় কার্যাবলী পরিচালনা<br>• সোসাইটির অন্তর্গত বিভিন্ন অংগ প্রতিষ্ঠান/প্রকল্পের সাথে স্বাস্থ্য বিভাগের সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদন<br>• স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন ক্যাম্পেইন পরিচালনা | • এম.বি.বি.এস/স্বাস্থ্য সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকত্তোর ডিগ্রীধারী<br>• এম.পি.এইচডিগ্রী অত্যাবশ্যক<br>• স্থানীয় অথবা আন্তর্জাতিক এনজিও, স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বছরের জনস্বাস্থ্য বিভাগে কাজের অভিজ্ঞতা<br>• পরিচালক/উপ-পরিচালক/সমপদে কমপক্ষে ১০ বছরের স্বাস্থ্য বিভাগে কাজের অভিজ্ঞতা | সর্বনিম্ন ৪৫ বছর এবং সর্বোচ্চ ৫৫ বছর |
| ৩. | পরিচালক, আন্তর্জাতিক সম্পর্ক ও যোগাযোগ, বিডিআরসিএস | ১ জন | সর্বসাকুল্যে মাসিক বেতন ৯০,০০০/- টাকা ও সোসাইটির নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি | • সোসাইটির আর্ন্তজাতিক সম্পর্ক ও যোগাযোগ বিভাগের দৈনন্দিন যাবতীয় কার্যাবলী পরিচালনা<br>• গণমাধ্যমে সোসাইটির বিভিন্ন সংবাদ সঠিক ও বিস্তৃত ভাবে সম্প্রচার কার্যাবলী সম্পাদন<br>• সোসাইটির মুভমেন্ট পার্টনারদের সহিত নিয়মিত যোগাযোগের মাধ্যমে সোসাইটির স্বেচ্ছা সেবামূলক কাজে অধিকতর প্রনোদনার ব্যবস্থা করা। | • সংশ্লিষ্ট বিষয়ে (সাংবাদিকতা/আন্তর্জাতিক সম্পর্ক) স্নাতকত্তোর ডিগ্রীধারী<br>• স্থানীয় অথবা আন্তর্জাতিক এনজিও, স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বছরের কাজের অভিজ্ঞতা<br>• পরিচালক/উপ-পরিচালক/সমপদে কমপক্ষে ১০ বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা | সর্বনিম্ন ৪৫ বছর এবং সর্বোচ্চ ৫৫ বছর |
| ৪. | পরিচালক, জেনারেল এ্যাফেয়ার্স, বিডিআরসিএস | ১ জন | সর্বসাকুল্যে মাসিক বেতন ৯০,০০০/- টাকা ও সোসাইটির নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি | • সোসাইটির দুর্যোগ ব্যবস্থাপনা ও দুর্যোগে সারা প্রদান ঘূর্ণিঝড় প্রতিরোধ ও পূণর্বাসন (রিকোভারী),শরণার্থী পূণর্বাসন কার্যাবলী পরিচালনা<br>• সোসাইটির মুভমেন্ট পার্টনারদের সহিত নিয়মিত যোগাযোগের মাধ্যমে দুর্যোগ পূণর্বাসন খাতে অনুদান সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ<br>• এই ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পখাতের সঠিক পরিচালনা নিশ্চিত করা | • সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকত্তোর ডিগ্রীধারী<br>• স্থানীয় অথবা আন্তর্জাতিক এনজিও, স্বেচ্ছা সেবা মূলক প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বছরের কাজের অভিজ্ঞতা।<br>• দুর্যোগ ব্যবস্থাপনা, ঘূর্ণিঝড় প্রতিরোধ ও পূণর্বাসন, শরণার্থী পূণর্বাসন ইত্যাদি কাজে বাস্তব অর্জিতা সম্পন্ন প্রর্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>• পরিচালক/উপ-পরিচালক/সমপদে কমপক্ষে ১০ বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা | সর্বনিম্ন ৪৫ বছর এবং সর্বোচ্চ ৫৫ বছর। উল্লেখ্য দুর্যোগ ব্যবস্থাপনা ও স্বেচ্ছাসেবামূলক মুভমেন্টের কাজে দক্ষ প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা শিথিল যোগ্য |

**অন্যান্য সুযোগ সুবিধাদি ঃ**

১. সোসাইটির নিয়মানুসারে ২টি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রদান করা হবে।
২. যাতায়াতের জন্য পরিবহন সুবিধা (গাড়ির প্রাপ্যতা সাপেক্ষে)
৩. বীমা সুবিধা

**আবেদনের শর্তাবলী ঃ**

ক) ফাইন্যান্স/অডিট, দুর্যোগ ব্যবস্থাপনা, স্বাস্থ্য ও আন্তর্জাতিক সম্পর্ক প্রভৃতিস্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
খ) ফাইন্যান্স/অডিটের ক্ষেত্রে ChartardAccountance (CA)/CMA সার্টিফিকেটধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
গ) অগ্রহী প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্তসহ সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ৩১/০৫/২০২১তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার দক্ষতা, অভিজ্ঞতা, যোগাযোগের জন্য (ই-মেইল নম্বর), টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে।
ঘ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রার্থীকে নিজ জেলার বাসিন্দার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
ঙ) আবেদনপত্র আগামী ০৩ জুন, ২০২১ তারিখের মধ্যে উপরোক্ত ঠিকানায় ডাকযোগে অথবা অন-লাইনে (hr@bdrcs.org) করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবেনা।
চ) আবেদনপত্রের বিষয়ে (Subject) আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
ছ) প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
জ) যাচাই-বাছাইয়ে ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
ঝ) কেবল মাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার সময়সূচী ডাকযোগে/টেলিফোনে/ই-মেইলের মাধ্যমে জানানো হবে। এ বিষয়ে কোন টি.এ ও ডি.এ প্রদান করা হবে না।
ঞ) প্রতিষ্ঠানের কর্মকান্ড সুষ্ঠ বাস্তবায়নের স্বার্থে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা বিডিআরসিএস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**বিডিআরসিএস সম-অধিকার মতাদর্শে বিশ্বাসী।**
**কোনরূপ তদবির বা অনৈতিক কর্মকান্ড প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।**

মহাসচিব
বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি